

113

**বেসরকারী প্রাথমিক
বিদ্যালয়ের শিক্ষকদের
বিক্ষোভ কর্মসূচী**

নাটোর, ১৮ই নভেম্বর (নিজস্ব
সংবাদদাতা মোঃ রশিদউজ্জামান
সাদী)।- বেসরকারী প্রাথমিক বিদ্যালয়
জাতীয়করণসহ ৪ দফা দাবীতে গত
১০ই নভেম্বর সহস্রাধিক শিক্ষক
বিক্ষোভ মিছিলসহ ডিসির অফিস ঘেরাও
ও অবস্থান ধর্মঘট করে। ডিসির অফিস
প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন
নূর মোহাম্মদ নাটোরকারী, রফিকুল
ইসলাম, আবদুল আলিম ও আলাউদ্দীন
সরদারপ্রমুখ।

বক্তারা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়
জাতীয়করণের পূর্বে শিক্ষকদের ন্যূনতম
বেতন দেড় হাজার টাকা এবং কোন
কোন স্থলে কর্মরত ৪ জনের অধিক
শিক্ষকদের ভাতা প্রদানের দাবী জানান।

সমাবেশে আগামী ২৪, ২৫ ও ২৭শে
নভেম্বর ধর্মঘটের ঘোষণা দেয়া হয়।
শেষে প্রধানমন্ত্রীর সমীপে ৪ দফা দাবী
সম্বন্ধিত একটি ঋনকলিপি ডিসির
নিকট হস্তান্তর করা হয়।